



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-বিঅ-৬/২৩২

তারিখ : ২০/০৮/২০১৬

বিষয়: যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন বিদ্যালয়সমূহের প্রবিধানমালা-২০০৯ এর অনুচ্ছেদ ৫০ অনুযায়ী গঠিত বিশেষ ধরনের ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে


সূত্রঃ ক) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায়ের আদেশ বাস্তবায়ন
খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০৯-০৮-২০১৬ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায় মোতাবেক বোর্ডের আওতাধীন যে সকল বিদ্যালয়সমূহে প্রবিধানমালা-২০০৯ এর ৫০ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত বিশেষ ধরনের ম্যানেজিং কমিটি বিদ্যমান আছে, সে সকল বিদ্যালয়সমূহের বিশেষ ধরনের ম্যানেজিং কমিটি বাতিল করা হ'ল। উক্ত বিদ্যালয়সমূহে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হ'ল।

- ১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ০৩ (তিন) জন ব্যক্তির নাম
- ২। একজন অভিভাবক প্রতিনিধির নাম (উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
- ২। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)

এডহক কমিটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২৫-০৮-২০১৬ তারিখের মধ্যে বোর্ডে জরুরী ভিত্তিতে জমাদানের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশ দেয়া হ'ল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(ড. মোঃ আহসান হাবীব)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান